গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
কানাইঘাট,সিলেট

# নোটিশ

উপজেলা কৃষি ও সেচ কমিটির সকল সম্মানিত সকল সদস্যের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সেপ্টেম্বর/২০২৩ মাসের উক্ত কমিটির সভা আগামী ১৮/০৯/২০২৩ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা কৃষি অফিসার, কানাইঘাট,সিলেট এর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করবেন জনাব মাওলানা আব্দুল্লাহ শাকির, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট,সিলেট নির্ধারিত তারিখ ও সময়ে কমিটির সম্মানীত সকল সদস্যকে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচী ঃ

১। গত সভার কার্যবিবরনী পাঠ।
২। সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা।
৩। দাপ্তরিক চাহিদা বিষয়ক।

(মোঃ এমদাদুল হক)
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি
কানাইঘাট,সিলেট

তারিখঃ 12.09.2023

স্মারক নং ২৭৮

অনুলিপি সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ-

১। চেয়ারম্যান,উপজেলা পরিষদ, কানাইঘাট,সিলেট ।
২। উপজেলা নির্বাহী অফিসার, কানাইঘাট,সিলেট ।
৩। ভাইস চেয়ারম্যান(মহিলা),উপজেলা পরিষদ, কানাইঘাট,সিলেট ।
৪। উপজেলা প্রকৌশলী, কানাইঘাট,সিলেট ।
০৫। চেয়ারম্যান,...........................................ইউনিয়ন পরিষদ, কানাইঘাট,সিলেট ।
০৬। অফিস নথি, অত্র দপ্তর।

12.09.23
উপজেলা কৃষি অফিসার

CamScanner

# উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরনী

াপতি ঃ মাওলানা আব্দুল্লাহ শাকির
ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ
কানাইঘাট,সিলেট।
রিখ ঃ ১৮/ ০৯ /২০২৩ইং
য় ঃ সকাল ১১.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব উপজেলা কৃষি ও ‍ কমিটি কানাইঘাট,সিলেট এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করেন এবং আলোচ্য সূচী অনুযায়ী নিম্নবর্নিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ফসল আবাদ পরিস্থিতিঃ<br>উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব জানান যে, আসন্ন রবি মৌসুমে মাঠ ফসলের মধ্যে লক্ষ্যমাত্রা রয়েছে-<br>ধানঃ ৬,৩২০ হেক্টর<br>ভুট্টাঃ ৭০ হেক্টর<br>গমঃ ৬৫ হেক্টর<br>সরিষাঃ ৪৫০ হেক্টর,<br>এছাড়া আনান্যা রবি শস্য | আলোচ্য সুচি অনুযায়ী ফসলের লক্ষ্যমাত্রা অর্জন করার জন্য কৃষকের পাশে থেকে সর্বাত্নক সহযোগীতা/ পরামর্শ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা কৃষি অফিসার<br>ও<br>উপসহকারী কৃষি অফিসার<br>কানাইঘাট,সিলেট |
| সেচ পরিস্থিতিঃ<br>উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব জানান যে, অত্র কানাইঘাট উপজেলায় রবি মৌসুমে প্রায় ১৮০০ হেক্টর জমি সেচের আওতায় ‍যুক্ত রয়েছে। এছাড়াও আরো প্রায় ৪,০০০ হেক্টর জমি সেচের প্রয়োজনীয় এলাকা থাকা সত্বেও সেচ পাম্পের চাহিদা মেটানো যাচ্ছে না। | আলোচ্য চাহিদার প্রেক্ষিতে উপজেলা সেচ কমিটিকে অবহিত করে সেচ পাম্পের চাহিদা অনুযায়ী কার্যকরী পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা কৃষি ও সেচ কমিটি |
| খাল খননঃ<br>২নং লক্ষিপ্রসাদ পশ্চিম ইউনিয়নের অন্তর্ভুক্ত নুন খাল খনন কার্য আশু প্রয়োজন দেখা দিয়েছে। এতে করে উভয় খাল খননের কারণে প্রায় ৬০০ হেক্টর করে জমি আবাদের আওতায় আসবে এবং ফসলের উৎপাদন বাড়বে ও কৃষক অনেক উপকৃত হবে। | উক্ত খাল খননের বিষয়ে কার্যকরী পদক্ষেপ নেওয়ার জন্য উপজেলা পরিষদের বিভিন্ন কর্মসুচি গ্রহণ করে উপজেলা পরিষদকে আশু পদক্ষেপ নেওয়ার বিষয় জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ<br>কানাইঘাট,সিলেট |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভায় সমাপ্তি ঘোষনা করেন।

(মাওলানা আব্দুল্লাহ শাকির)

CamScanner